# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭০৯

৩. যাকাত অধ্যায় (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৩৩. কেউ কোনো কিছু চাইলে তাকে কিছু না দিয়ে ফিরিয়ে দেয়া অপছন্দনীয়

بَاب كَرَاهِيَةِ رَدِّ السَّائِلِ بِغَيْرِ شَيْءٍ

## আরবী

أَخْبَرَنَا الْحَكَمُ بْنُ الْمُبَارَكِ أَخْبَرَنَا مَالِكٌ عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ عَنْ عَمْرِو بْنِ مُعَاذٍ الْأَشْهَلِيِّ عَنْ جَدَّتِهِ يُقَالُ لَهَا حَوَّاءُ قَالَتْ قَالَ رَسُولُ اللَّهِ يَا صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نِسَاءَ الْمُسْلِمَاتِ لَا تَحْقِرَنَّ إِحْدَاكُنَّ لِجَارَتِهَا وَلَوْ كُرَاعُ شَاةٍ مُحَرَّقٌ

## বাংলা

১৭০৯. আমর ইবনু মুয়ায তার হাওয়া নাম্নী দাদী হতে বর্ণনা করেন, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ’আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “হে মুসলিম নারীগণ! তোমাদের কেউ যেন তার প্রতিবেশীদেরকে অবজ্ঞা না করে, যদিও তা ছাগলের পায়ের একটি ঝলসানো হাড্ডি (হাদীয়া দেওয়ার মাধ্যমে) ও হয়।”[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ জাইয়্যেদ বা উত্তম।

তাখরীজ: মালিক, সাদাকা ৪; আহমাদ ৬/৪৩৪; বুখারী,, আদাবুল মুফরাদ নং ১২২; তাবারাণী, আল কাবীর ২৪/২২১ নং ৫৫৯; ইবনু আব্দুল বারর, আত তামহীদ ৪/২৯৫; বাইহাকী, শুয়াবুল ঈমান নং ৩৪৬২।

এর শাহিদ হাদীস রয়েছে আবী হুরাইরা রা: হতে বুখারী, হিবাহ ২৫৬৬; মুসলিম, যাকাত ১০৩০।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81992

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন